

B.A. 5th Semester (Honours) Examination, 2022

বাংলা

Course Title: সাহিত্যতত্ত্ব

Course Code: AHBNG-501-C-11

Course ID: 50111

সময়ঃ ২ ঘণ্টা

পূর্ণমানঃ ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

৫ x ২ = ১০

ক) ব্যাভিচারী ভাব কাকে বলে? এর চারটি উদাহরণ দাও।

খ) অভিব্যক্তিবাদের প্রবক্তা কে? তিনি কোন সময়ে আবির্ভূত হন?

গ) ট্রাজেডির বহিরঙ্গ ও অন্তরঙ্গ দিকগুলি উল্লেখ করো।

ঘ) অ্যারিস্টটল-এর ট্রাজেডির সঙ্গে শেক্সপীরীয় ট্রাজেডির দু'টি পার্থক্য লেখো।

ঙ) গঠনবাদ বলতে কী বোঝো ?

চ) রোমান্টিসিজম কাকে বলে?

ছ) “কিন্তু রচনাশক্তির নৈপুণ্যও সাহিত্যে মহামূল্য।” – এই রচনাশক্তি কোথায় কোথায় সঞ্চিত হয়ে থাকে?

জ) “ঐতিহাসিক রচনাকে কখন সাহিত্য বলিব?” – “সাহিত্যের উদ্দেশ্য” প্রবন্ধে প্রাবন্ধিক ঐতিহাসিক রচনাকে কখন সাহিত্য বলে উল্লেখ করেছেন?

২। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।

২ x ৫ = ১০

ক) “রস ও কাব্যের জগত অলৌকিক মায়ার জগৎ।” মন্তব্যটি আলোচনা করো।

খ) ট্রাজেডিতে কাহিনি বা চরিত্র কোনটি বেশি গুরুত্বপূর্ণ তা আলোচনা করো।

গ) সংক্ষেপে ক্ল্যাসিসিজমের সংজ্ঞা ও স্বরূপ বুঝিয়ে দাও।

ঘ) “উদ্দেশ্য হাতড়াইতে গিয়ে কিছু না কিছু হাতে উঠেই” – ‘সাহিত্যের উদ্দেশ্য’ প্রবন্ধ অনুসরণে মন্তব্যটি বিশ্লেষণ করো।

৩। যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও।

২ x ১০ = ২০

ক) “কাব্যের আত্মা ধ্বনি বলে যাঁরা আরম্ভ করেছেন, কাব্যের আত্মা রস বলে তাঁরা শেষ করেছেন।”- আলোচনা করো।

খ) অনুকরণ তত্ত্ব কাকে বলে ? অনুকরণ তত্ত্বের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

গ) উত্তর আধুনিকতাবাদের প্রবক্তা কে? উত্তর আধুনিকতার সংজ্ঞা, স্বরূপ ও বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো।

ঘ) ‘সাহিত্য বিচার’ প্রবন্ধ অনুসারে রবীন্দ্রনাথের সাহিত্য ভাবনার পরিচয় দাও।